

🔳 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:৮২

া আরবি মূল আয়াত:

وَ مَا كَانَ جَوَابَ قَومِهِ إِلَّا أَن قَالُوا آخرِجُوهُم مِّن قَريَتِكُم إِنَّهُم أُنَاسٌ يَّتَطَهَّرُونَ ﴿٨٢﴾

আর তার কওমের উত্তর কেবল এই ছিল যে, তারা বলল, 'তাদেরকে তোমরা তোমাদের জনপদ থেকে বের করে দাও। নিশ্চয় তারা এমন লোক, যারা অতি পবিত্র হতে চায়'। — আল-বায়ান

তার জাতির এ ছাড়া আর কোন জবাব ছিল না যে, 'তোমাদের জনপদ থেকে এদেরকে বের করে দাও, এরা এমন লোক যারা খুব পবিত্র হতে চায়।' — তাইসিরুল

তার জাতির লোকদের এটা ছাড়া আর কোন জবাবই ছিলনা যে, এদের তোমাদের জনপদ থেকে বের করে দাও, এরা নিজেদেরকে বড় পবিত্র রাখতে চায়। — মুজিবুর রহমান

But the answer of his people was only that they said, "Evict them from your city! Indeed, they are men who keep themselves pure." — Sahih International

৮২. উত্তরে তার সম্প্রদায় শুধু বলল, এদেরকে তোমাদের জনপদ থেকে বহিস্কার কর, এরা তো এমন লোক যারা অতি পবিত্র হতে চায়।

তাফসীরে জাকারিয়া

- (৮২) উত্তরে তার সম্প্রদায় শুধু বলল, 'এদের (লূত্ব এবং তার সঙ্গীদের)কে জনপদ হতে বহিষ্কৃত কর। এরা তো এমন লোক যারা পবিত্র থাকতে চায়।'[1]
 - [1] এটা হল লূত্ব (আঃ)-কে গ্রাম থেকে বের করার কারণ। থাকল তাদের তাঁর পবিত্রতার ঘোষণা দেওয়ার ব্যাপার, হয়তো এটা প্রকৃতই এবং তাদের উদ্দেশ্য ছিল, এ লোক এই অন্যায় থেকে বেঁচে থাকতে চান। কাজেই উত্তম হল, তিনি আমাদের সাথে আমাদের গ্রামে যেন না থাকেন। অথবা ঠাট্টা ও উপহাস ছলে তারা এ রকম বলেছিল।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1036

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন